# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 01.07.2024 Time: 7.50 P.M.

---

বিশেষ বিশেষ খবর –

১) উত্তর দিনাজপুরের চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে মারধোরের ঘটনায় রাজ্য পুলিশ সেখানকার আই সি-কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে।

এই ঘটনায় ধৃত মূল অভিযুক্ত তৃণমূল কংগ্রেস কর্মী তাজিমূল হক-কে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

রাজ্যপাল এই ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছেন।

বিরোধীরাও রাজ্য সরকারের সমালোচনায় সরব।

শাসক দল অবশ্য বলেছে, তারা এই ধরনের ঘটনা কখনোই সমর্থন করে না।

২) উত্তর ২৪ পরগনার বাগদা থেকে বিজেপি-র যুব নেতা জঙ্গিদের সঙ্গে যোগসাজস্ থাকার অভিযোগে গ্রেফতার।

৩) সম্পত্তি কেনা-বেচায় স্ট্যাম্প ডিউটি ছাড় তুলে নিল রাজ্য সরকার।

৪) নব বাংলার রূপকার, ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৩ তম জন্মদিনটি আজ ‘চিকিৎসক দিবস’ হিসেবে পালিত হচ্ছ।

oooooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের ইসলামপুরের চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ-তরুণীকে মারধোরের ঘটনায় রাজ্য পুলিশ সেখানকার আই সি-কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। পুলিশের পক্ষ থেকে আজ এক্স হ্যান্ডেলে একথা জানানো হয়। এছাড়াও ওই ঘটনায় পুলিশ স্বতঃপ্রণোদিত হয়ে মামলা রুজু করে তদন্তের কাজ শুরু করেছে। নির্যাতিতদের পুলিশী সুরক্ষার বন্দোবস্ত করা হয়েছে বলেও এক্স হ্যান্ডেলে উল্লেখ করা হয়।

এদিকে, চোপড়ার ঘটনায় মূল অভিযুক্ত তৃণমূল কংগ্রেস কর্মী তাজিমুল হক ওরফে জেসিবি-কে পুলিশ গ্রেপ্তার করেছে । তাকে আজ ইসলামপুর আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

এই মারধোরের যে ভিডিও ভাইরাল হয়, তাতে দেখা গেছে, ওই তরুণীকে মাটিতে ফেলে কঞ্চি দিয়ে বেধড়ক পেটাচ্ছেন তাজিমুল। কঞ্চি ভেঙে গেলেও তিনি থামেননি।

ইসলামপুরের পুলিশ সুপার জবি থমাস জানিয়েছেন, ওই ভিডিও দেখে এর সঙ্গে আরও কারাকারা যুক্ত তা চিহ্নিত করার চেষ্টা চলেছে।

oooooooooooooooooooooo

চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে যুগলকে রাস্তায় ফেলে বেধড়ক মারধরের ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। কেন বারবার আইন হাতে তুলে নেওয়ার ঘটনা ঘটছে, তা নিয়ে চিঠিতে প্রশ্ন তুলেছেন রাজ্যপাল।গত কয়েক সপ্তাহে রাজ্যে গণপিটুনি ও তার জেরে মৃত্যুর ঘটনায়

প্রশাসন কী ব্যবস্থা নিয়েছে, সে ব্যাপারে রাজ্যের 'অ্যাকশন টেকেন রিপোর্ট' তলব করা হয়েছে বলে রাজভবন সূত্রে জানা গেছে।

তিনি আগামীকাল দিল্লি থেকে কলকাতায় ফিরে চোপড়ায় যেতে পারেন বলেও জানা গেছে।

তবে, এক ভিডিও বার্তায় সি ভি আনন্দো বোস বলেন, চোপড়ার পাশাপাশি ন্যাশনাল মেডিকেল কলেজে রোগীর পরিবারকে পুলিশের মারধোরের ঘটনা নিয়েও সরব হয়েছেন। রাজ্যের সর্বত্র হিংসার তান্ডব চলেছে, পুলিশকেই কোথাও কোথাও দুষ্কৃতির ভূমিকা দেখা যাচ্ছে বলে তাঁর আরও অভিযোগ।

oooooooooooooooooooooo

অন্যদিকে, ওই ভিডিও ভাইরাল হওয়ার পর বিরোধীরা রাজ্য সরকারের সমালোচনায় সরব হয়েছেন।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল তাঁর এক্স হ্যান্ডেলে ঘটনার ভিডিও পোস্ট করার পরই এনিয়ে আলোড়ন ওঠে।

বিজেপির জাতীয় মুখপাত্র গৌরব ভাটিয়া আজ নতুন দিল্লীতে এক সাংবাদিক বৈঠকে চোপড়ার ঘটনার উল্লেখ করে বলেন, পশ্চিমবঙ্গে তালিবানি শাসন চলেছে। মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও এই ঘটনা নিয়ে নীরব।

(বাইট – গৌরব ভাটিয়া)

দলের সর্ব ভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডাও ঘটনার তীব্র নিন্দা করে বলেছেন, যে ভিডিও প্রকাশ্যে এসেছে, তা মধ্যযুগীয় বর্বরতাকে মনে করিয়ে দেয়।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার দিল্লি রওনা হওয়ার আগে আজ কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের বলেন, চোপড়ার বিধায়ক এ নিয়ে যে মন্তব্য করেছেন, সেজন্য তাঁর গ্রেফতার হওয়া উচিত। তৃণমূল কংগ্রেসের একাংশ যে পৃথক আইন তৈরি করতে চাইছে, বিজেপি তা হতে দেবে না।

(বাইট – সুকান্ত)

উল্লেখ্য, চোপড়ার বিধায়ক হামিদুর রহমান এই ঘটনার ব্যাপারে বলেন, পরকীয়া সম্পর্ক সমাজে গ্রহণযোগ্য নয়। তবে, এক্ষেত্রে একটু বেশি বাড়াবাড়ি করা হয়েছে।

তৃণমূল কংগ্রেস অবশ্য বলেছে, এই ধরনের কাজ তারা কখনোই সমর্থন করে না। দলের মুখপাত্র শান্তনু সেন বলেন,

(বাইট – শান্তনু সেন)

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষও বলেছেন, এই জঘন্য ঘটনায় জড়িত ব্যক্তির দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত।

এদিকে, রাজ্যের মন্ত্রী কলকাতার মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, রাজ্যে আইনের শাসন আছে। তৃণমূল কংগ্রেস আইনেই বিশ্বাস করে। কলকাতা সব থেকে নিরাপদ শহর বলেও তিনি মন্তব্য করেন। মণিপুর, গুজরাট সহ বিজেপি শাসিত রাজ্যগুলিতে মহিলাদের ওপর যে অত্যাচার হচ্ছে, বিজেপি নেতারা কেন তা দেখতে পাচ্ছে না, সেই প্রশ্নও তোলেন ফিরহাদ।

(বাইট – ফিরহাদ)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বলেছেন, এরাজ্যে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণের বাইরে। শাসক দল দেখেও না দেখার ভান করছে বলে তিনি আজ বহরমপুরে এক সাংবাদিক সম্মেলনে বলেন।

(বাইট – অধীর)

এদিকে, চোপড়ার ঘটনার প্রতিবাদে বিজেপি-র পরিষদীয় দলের মহিলা সদস্যরা আজ বিধানসভার সামনে বিক্ষোভ দেখান।

ঝাড়গ্রামে গণপ্রহারে সৌরভ সাউ নামে এক যুবকের মৃত্যুর ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের একজন ঠিকাদারি সংস্থার ম্যানেজার মাহিন্দ্র মিত্তাল এবং দ্বিতীয় জন সংস্থার সাইট ম্যানেজার ডাক্তার সোরেন। আজ তাদের ঝাড়গ্রাম আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

আগেই জানানো হয়েছে, চোর সন্দেহে সৌরভ এবং তার বন্ধু অক্ষয় মাহাতোকে গত ২২ শে জুন জামবনী থানার খাটখুরা এলাকায় বেধড়ক মারধোর করে স্থানীয় মানুষজন। সেখানে রাস্তা তৈরির কাজ চলছিল। ঠিকাদার সংস্থার জিনিসপত্র চুরি করার অপবাদ দিয়ে দুজনকে পেটানো হয়। ঝাড়গ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল গতকাল মারা যান সৌরভ। আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন তাঁর বন্ধু অক্ষয়।

এদিকে, বউবাজারের ছাত্রাবাসে ইরশাদ আলম নামে এক ব্যক্তিকে মোবাইল চোর সন্দেহে পিটিয়ে খুনের ঘটনায় ফরেন্সিক বিশেষজ্ঞরা আজ অকুস্থল ঘুরে দেখেন। সঙ্গে ছিলেন লালবাজারের হোমিসাইড বিভাগের গোয়েন্দারা। গত শুক্রবার প্রথমে ফুটপাতে, তারপর ছাত্রাবাসে টেনে নিয়ে গিয়ে ইরশাদকে নির্মভাবে পেটানো হয়। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্ট অনুযায়ী মারের চোটে তার শরীরের হাড় গুড়ো গুড়ো হয়ে যায়। প্রচুর

রক্তক্ষরণে হাইপো ভলেনিক শকে মৃত্যু হয় ইরশাদের। সেই সময়কার সিসি ক্যামেরার ফুটেজ মুছে দেওয়া হয় বলে অভিযোগ। ১৪ জনকে গ্রেপ্তার করে হেফাজতে নিয়েছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে আজ বলবৎ হয়েছে তিনটি নতুন ফৌজদারী আইন, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম- ২০২৩।

এর লক্ষ্য, প্রত্যেকের জন্য বিচার ব্যবস্থাকে আরও সুলভ, দক্ষ ও সহায়ক করে তোলা।

এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, ব্রিটিশদের তৈরি ফৌজদারী আইন সমূলে উৎপাটন করেই এই নতুন আইনগুলি আনা হয়েছে। এর মাধ্যমে সংবিধান আরও দৃঢ় মজবুত হলো।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বাগদা থেকে বিজেপি-র এক যুব নেতাকে জঙ্গিদের সঙ্গে যোগসাজস্ থাকার অভিযোগে গ্রেফতার করা হয়েছে। বিক্রম রায় নামে গাঙ্গুলিয়া এলাকার ওই বাসিন্দা, পেশায় টোটো চালক। লক্ষ্ণৌ অ্যান্টি টেররিস্ট স্কোয়াডের পাঁচ আধিকারিক আজ দুপুরে তাঁকে গ্রেফতার করে। বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে তাঁকে তিন দিনের ট্রানজিট রিমান্ডের নির্দেশ দেওয়া হয়। কিছুক্ষণ আগে এ টি এস-এর আধিকারিকরা বিক্রমকে নিয়ে উত্তরপ্রদেশে রওনা দিয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, লক্ষ্ণৌ-এর অ্যান্টি টেররিস্ট স্কোয়াড সেখান থেকে জঙ্গি সন্দেহে একজনকে গ্রেফতার করে। তাকে জেরা করেই বিক্রমের হদিশ মেলে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

একদিনের বিচার বিভাগীয় হেফাজত শেষে কুখ্যাত সুবোধ সিংকে আজ ফের আসানসোল আদালতে তোলা হয়। তাকে আবারও বিচারবিভাগীয় হেফাজতে পাঠিয়ে তেশরা জুলাই ফের আদালতের তোলার নির্দেশ দেওয়া হয়েছে।

২০২২ সালে রাণীগঞ্জে এক স্বর্ণব্যবসায়ীর বাড়িতে ডাকাতির মামলায় তাকে আজ আদালতে পেশ করা হয়। তার আগে বিহারের বেউর জেল থেকে ট্রানজিট রিমান্ডে সিআইডি তাকে এরাজ্যে নিয়ে আসে। সিআইডি সূত্রে

জানা গেছে সুবোধ বিরুদ্ধে খুন অপহরন, ব্যবসায়ীকে হুমকি, ডাকাতিসহ একাধিক অপরাধমূলক কার্যকালাপে জড়িত থাকার অভিযোগ রয়েছে। সম্প্রতি রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতির ঘটনাতেও তার নাম উঠে আসে। জেলে বসেই সে অপারেশন চালাতো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার সন্দেশখালির ছোট কলাগাছি নদী থেকে আজ সকালে এক তৃণমূল কংগ্রেস কর্মীর দেহ উদ্ধারে উত্তেজনা ছড়িয়েছে। বেড়মজুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা বছর ৩২ এর হাফিজুলকে গত রবিবার স্থানীয় বিজেপি কর্মী পিন্টু মন্ডলের সঙ্গে ঘুরতে দেখা গিয়েছিল। তারপর থেকেই নিখোঁজ ছিল সে। আজ সকালে নদী থেকে হাফিজুলের মৃতদেহ উদ্ধার করা হয়। তাকে পরিকল্পনা করে খুন করে নদীতে ফেলে দেওয়া হয়েছে বলে পরিবারের অভিযোগ। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমানের গলসিতে তান্ত্রিককের হাতে এক যুবক খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জিৎ দানা নামে ১৯ বছরের ওই যুবকের বাড়ি গলসির খেতুরা

গ্রামে। পুলিশ মিলন নাইয়া নামে অভিযুক্ত ওই তান্ত্রিককে গ্রেফতার করেছে। তাকে আজ বর্ধমান আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

জেলা পুলিশ সুপার আমনদীপ জানিয়েছেন, জিতের সঙ্গে ওই তান্ত্রিকের সমকামী সম্পর্ক ছিল। শনিবার রাতে জিৎ বাড়ি থেকে বেরিয়ে আর ফেরেনি। রবিবার সকালে, বাড়ির লোকেরা সাধুকে জেরা করে জিতের হদিশ পায়। কাছে একটি মাঠের মধ্যে তাঁর মৃতদেহ পড়েছিল। কোনরকম বচসার জেরে জিৎকে মিলন শ্বাসরোধ করে খুন করে বলে মনে করা হচ্ছে। তান্ত্রিকের সঙ্গী এক মহিলাকেও পুলিশ আটক করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শাহনাজ বেগম নামে এক মহিলা বুকে ব্যাথা অনুভব করায় আজ দুপুরে তাঁকে কলকাতা ন্যাশান্যাল মেডিকেল কলেজে নিয়ে এলে এমার্জেন্সিতে তাঁকে ইনজেকশন দেওরা হয়। এর পরই তিনি অসুস্থ হয়ে পড়েন। এই নিয়ে রোগীর পরিবারের সঙ্গে নার্স ও চিকিৎসকদের ঝামেলা বেধে যায়।

পুলিশ, হাসপাতাল চত্বরে রোগীর পরিজনদের লাঠি চার্জ করে বলে অভিযোগ।  পুলিশ অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সম্পত্তি কেনা বেচায় স্ট্যাম্প ডিউটি ছাড় তুলে নিল রাজ্য সরকার। স্ট্যাম্প ডিউটিতে ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত ২ শতাংশ ছাড় দেওয়ার কথা বলা হয়েছিল। আজ অর্থাৎ, ১ জুলাই থেকেই ছাড় তুলে নেওয়ার কথা ঘোষণা করল রাজ্য সরকার। অর্থ দপ্তরের এই সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কোভিড অতিমারির সময় অর্থনৈতিক কারণে বাণিজ্যিক লেনদেন বাড়াতে এবং সাধারণ মানুষের সুবিধার্থে এই ছাড় দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ২০২১– এর জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর করা

হয়েছিল। প্রায় তিন বছর পর পরিস্থিতি বিবেচনা করে এই ছাড় তুলে নেওয়ার সিদ্ধান্ত  হল। স্ট্যাম্প ডিউটির পাশাপাশি সার্কেল রেটের ১০ শতাংশ ছাড়ও তুলে নেওয়া হল। এবার থেকে সম্পত্তি ক্রয় বিক্রয় মূল্যের ওপর ৭ শতাংশ হারে স্ট্যাম্প ডিউটি দিতে হবে নবান্ন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পঞ্চায়েত দফতর নির্দিষ্ট সময়ের মধ্যে মৃত কর্মীর পরিবারের একজন চাকরি দিতে তৎপর হয়েছে। এই ক্ষেত্রে চাকরি পেতে গেলে মৃত কর্মীর পরিবারকে যাতে হয়রানির সম্মুখীন না হয় তা নিশ্চিত করতে বলা হয়েছে। নিয়মানুযায়ী রাজ্যে সরকারের কোনও কর্মী চাকরিরত অবস্থায় মারা গেলে অথবা শারীরিক অক্ষমতার কারণে মেয়াদ শেষের আগেই অবসর নিতে বাধ্য হলে তাঁর পরিবারের এক সদস্য সেই চাকরি পাওয়ার যোগ্য। এই চাকরি পেতে অনেকগুলি প্রশাসনিক প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়। যা নিয়ে  হয়রানির শিকার হওয়ার একাধিক অভিযোগ উঠেছে।  এমনটা যাতে না হয়, তা নিশ্চিত করতে জেলাগুলিকে একগুচ্ছ নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা উপনির্বাচনে জয়ী দুই বিধায়ককে শপথ বাক্য পাঠ করানোর জন্যে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আরও একবার রাজ্যপাল সিভি আনন্দ বোস কে আবেদন জানিয়েছেন। বিধানসভায় এসে শপথ করানোর জন্যে দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও রেয়াত হোসেন সরকার আজও ধর্না অবস্থানে বসেন। এরপরে অধ্যক্ষ দুই বিধায়ককে সঙ্গে নিয়ে সাংবাদিকদের বলেন রাজ্যপালের যদি এখানে আসতে কোন অসুবিধা থাকে

তবে পরিষদীয় গনতন্ত্র অনুযায়ী তাকে শপথ বাক্য পাঠ করানোর দায়িত্ব দেওয়া হোক।

oooooooooooooooooooo

নব বাংলার রূপকার, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৩ তম জন্মদিনটি আজ ‘চিকিৎসক দিবস’ হিসেবে পালিত হচ্ছ। সরকারি, বেসরকারি নানা প্রতিষ্ঠান এই উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করেছে। রাজ্য সরকারি সমস্ত অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে আজ অর্ধ দিবস ছুটি ঘোষণা করা হয়।

এই উপলক্ষে কলকাতা পুরসভায় এক অনুষ্ঠানে পুর ও নগরোন্নয়নমন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম বিধান রায়ের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। বিধান রায়ের মানস কন্যা হিসেবে পরিচিত পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে দিনটি স্বাড়ম্বরে পালিত হয়। সেখানে কংগ্রেস সেবা দল, বিধান স্মৃতি মঞ্চ সহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে তাঁর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

নদীয়ার কল্যাণীতে পুরসভার সামনে বিধান রায়ের আবক্ষ মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান পৌরপ্রধান নিলিমেশ রায় চৌধুরী। বিধান পার্কেও প্রাক্তন মুখ্যমন্ত্রীর স্মরণে সভার আয়োজন করা হয়।

তাঁর নামাঙ্কিত শিলিগুড়ির বিধান মার্কেটে ব্যবসায়ী সমিতি শ্রদ্ধার সঙ্গে দিনটি পালন করে। সেখানে এক চক্ষু পরীক্ষা শিবিরেরও আয়োজন করা হয়।

উল্লেখ্য পয়লা জুলাই ডাক্তার বিধানচন্দ্র রায়ের প্রয়াণ দিবসও।

oooooooooooooooooooooooooooooooooooooooo